মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২১/০৪/২০২১ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২২/০৩/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় অনুমোদিত ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ ১ম কিস্তির বিল/ভাউচার সমন্বয় পূর্বক ২য় পর্যায়ের কাজ ইতি মধ্যে শুরু হয়েছে। সভাপতি মহোদয় বস্তি উন্নয়ন কর্মকর্তাকে কাজের সর্বশেষ অবস্থা সভায় উপস্থাপন করা জন্য অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, ২য় পর্যায়ের কাজের মধ্যে ৬টি বস্তিতে ১৪ টি ষ্টিট লাইট ইতি মধ্যে স্থাপন করা হয়েছে। পশু হাট পাড়ায় অসমাপ্ত রাস্তার কাজ শেষ হয়েছে। এছাড়া ভৈরব পাড়া, হটাৎ পাড়া ও দিঘীর পাড়া বস্তিতে ফুট পাথের কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। হালদার পাড়া ও আখড়া পাড়ায় ইতিপূর্বে রাস্তা ও ড্রেনের কাজ শেষ হয়েছে। এছাড়া আখড়া	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	পাড়া, হালদার পাড়, ভৈরব পাড়া, দিঘির পাড়া ও পশুহাট পাড়া বস্তিতে পায়খানার কাজ শুরু হয়েছে। বস্তি উন্নয়ন কর্মকর্তা এই কাজ গুলি সুষ্ঠভাবে সম্পন্ন করতে সকলের সহযোহিতা কামনা করেন। তিনি সকলকে অনুরোধ করেন এই কাজগুলি সুষ্ঠভাবে হচ্ছে কিনা তা মনিটরিং করার জন্য মেয়র মহোদয় সভায় বলেন, বস্তি উন্নয়নের কাজ এসআইসির মাধ্যমে হচ্ছে। এই কাজ যাতে দ্রুত সময়ের মধ্যে শেষ হয় সেই দিকে নজর দেওয়ার জন্য তিনি সংশ্লিষ্ঠ সকলকে নির্দেশনা দেন। তিনি সভায় বলেন, এখনো ২টি কিস্তির কাজ বাকি রয়েছে। তাই যত দ্রুত ২য় কিস্তির কাজ শেষ করে এর সমস্ত কাগজপত্র পিডি অফিসে পাঠানোর ব্যবস্থা করতে হবে এবং ৩য় কিস্তির কাজের টাকা নিতে হবে। তিনি এই ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি মাছুদ শেখ সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট বলেন, বর্তমানে মেহেরপুরে করোনা ভাইরাসের প্রকোপ দেখা যাচ্ছে, এত জন জীবন দুর্বিসহ হয়ে উঠছে। দারিদ্র লোকেরা চরম কষ্টের মধ্যে দিনাতিপাত করছে। এই সমস্ত দারিদ্র লোকদের কোন সহায়তা দেয়া হবে কিনা? মেয়র মহোদয় সভায় জানান, PRAP বাস্তবায়নে মেহেরপুর পৌরসভা বরাবর কাজ করে আসছে। বিভিন্ন ওয়ার্ডের যে সমস্ত দারিদ্র লোক রয়েছে তাদের তালিকা আছে এবং তাদের অনেককেই খাদ্য ও আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে ও এই সহায়তা প্রদান অব্যাহত থাকবে। এছাড়া তিনি আরোও বলেন, কেউ যদি অর্থিক সমস্যা ও খাদ্যের সমস্যায় থাকে তাহলে তার সাথে যোগাযোগ করলে তিনি ব্যবস্থা করবেন। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২১/০৪/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	21/04/21
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনে আরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	মাসুদ শেখ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	২১/০৪/২১
৯			
১০			